## ২৮ ডিসেম্বর ১৯৬৮ সকাল ৭ টা

এখন পাঁচটা, রাত, ভোর হতে বেশি দেরি নেই,
গলিগুলো অন্ধকার --- যেখানে - বা স্ট্রীটলাইট আছে
আলো কুয়াশায় মিশে বাড়িগুলো দেখায় নরম
দ্য - ভিঞ্চি'র ছবি অবিকল,
গানের রেশের মতো পটভূমিকায় যেন মিশে গেছে ধার।
তেমনি গোথিক এক বাড়িতেই, মোনা লিসা নয়,
সোনা থাকে আর
হয়তো দু'জন বোন, বেশ দূর - ততো দূর থেকে
আমাকে নিশ্চয় ওরা ঠিক - মতো দেখতে পায় না।
আমি যে বয়স্ক ব্যক্তি, বিবাহিত ছিলুম একদা,
ফ্যামিলি - প্ল্যানিং ক'রে নিঃসন্তান এবং সে-স্ত্রীও
নিদ্দেশ--- এই সব ইতিহাস নির্ঘাৎ জানে না।
কোনও রূপ আঘাতের পরোয়া না রেখে
তাই ওরা সার বেঁধে সকালে - বিকেলে
দেখে যায় অপলকে আমি বারান্দায় ব'সে আকাশে তাকালে।

সঞ্জয় ভট্টাচার্য